# তথ্য কমিশন বাংলাদেশ

## এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭

## কমিশন সভার কার্যবিবরণী:

**সভাপতি** : **ডক্টর আবদুল মালেক**
প্রধান তথ্য কমিশনার

**সভার তারিখ** : ২১/০১/২০২৪ **সময়:** বেলা ১১.০০টা

**স্থান** : কমিশনের সভাকক্ষ। **উপস্থিতি:** পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন।সভায় তথ্য কমিশনার জনাব শহীদুল আলম ঝিনুক ও তথ্য কমিশনার জনাব মাসুদা ভাট্টি এবং সচিবসহ কমিশনের অন্যান্য কর্মকর্তা সভায় উপস্থিত ছিলেন। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য সচিব, তথ্য কমিশন বাংলাদেশ কে আহবান জানান। সচিব, তথ্য কমিশন পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | **জনাব সুজিত মোদক, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর চাকরি থেকে অব্যাহতি।** | তথ্য কমিশন বাংলাদেশ এর অফিস সহকারি কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব সুজিত মোদক ৩১/১২/২০২৩ তারিখ অপরাহ্ন থেকে চাকরি থেকে অব্যাহতির আবেদন দাখিল করেন। <br><br> উল্লেখ্য, তথ্য কমিশন বাংলাদেশ এর ০৫ জানুয়ারি ২০১৬ তারিখের স্মারক নং- ১১(১৭) মাধ্যমে অফিস সহকারি কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে তাকে নিয়োগ আদেশ প্রদান করা হয়। সে মতে তিনি ০১/০২/২০১৬ তারিখ উক্ত পদে যোগদান করেন। গত ২৮ মে ২০১৮ তারিখ তার চাকরি স্থায়ী করা হয় ।তার নিয়োগ আদেশের শর্তাবলীতে উল্লেখ রয়েছে- তার চাকরি তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ দ্বারা নিয়ন্ত্রিত হবে। <br><br> তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ এর বিধি ৫৪ (১) অনুযায়ী- "কোন কর্মচারী নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখপুর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাহার চাকরি ত্যাগ করিতে বা চাকরি হইতে বিরত থাকিতে পারিবেন না এবং এইরূপ নোটিশ প্রদানের ব্যর্থতার ক্ষেত্রে, তিনি তথ্য কমিশনকে তাহার তিন মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।" <br><br> আবেদন পর্যালোচনায় দেখা যায় যে, তিনি অব্যাহতির বিষয়টি কমিশনকে ৩ (তিন) মাস পূর্বে অবহিত করেননি বিধায় তিনি তথ্য কমিশন বাংলাদেশ কে তার তিন মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন এবং ক্ষতিপূরণ প্রদান সাপেক্ষে অফিস সহকারি কাম- | তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ এর বিধি ৫৪ (১) অনুযায়ী- অফিস সহকারি কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব সুজিত মোদক নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাহার চাকরি থেকে ইস্তফা প্রদানের অভিপ্রায় উল্লেখপুর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদানে ব্যর্থতার কারণে তথ্য কমিশন বাংলাদেশ কে তিন মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান সাপেক্ষে তাকে ৩১/১২/২০২৩ তারিখ অপরাহ্ন থেকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) <br><br> উপপরিচালক (প্রশাসন) <br><br> সহকারী পরিচালক (প্রশাসন) |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব সুজিত মোদক কে ৩১/১২/২০২৩ তারিখ অপরাহ্ন থেকে অব্যাহতি দেয়া যেতে পারে মর্মে কমিশন একমত পোষণ করে। | | |
| ০২ | **তথ্য কমিশন বাংলাদেশ এর নবনির্মিত ভবনে অডিটরিয়াম এবং ডরমেটরি ভাড়া/ পরিচালনা বিষয়ক নীতিমালা প্রণয়ন ও অনুমোদন।** | শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকার এফ-১৭/ডি প্লটে তথ্য কমিশন বাংলাদেশ এর নবনির্মিত ১৩ তলা বিশিষ্ট ভবন অবস্থিত। গত ০৮/১০/২০২২ তারিখ থেকে নবনির্মিত ভবনে কমিশনের দাপ্তরিক কার্যক্রম শুরু হয়েছে।<br><br>তথ্য কমিশন বাংলাদেশ এর নবনির্মিত ভবনের লেভেল-০১ এ অডিটরিয়াম এবং লেভেল-১২ এ ডরমেটরি রয়েছে। অডিটরিয়াম এবং ডরমেটরি ভাড়া দেয়ার লক্ষ্যে নীতিমালা প্রস্তুত করার জন্য ড. মো. আ. হাকিম, পরিচালক(প্রশাসন) কে আহবায়ক করে ০৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয় । কমিটি এ সংক্রান্ত খসড়া ব্যবহার নীতিমালা প্রস্তুত করে যা গত ০৩/১২/২০২৩ তারিখ অনুষ্ঠিত কমিশন সভায় পর্যালোচনা করা হয়।<br><br>"তথ্য কমিশন বাংলাদেশ এর পার্শ্ববর্তী দপ্তর সংস্থার অডিটরিয়াম, প্রজেকশন হল, সেমিনার হল, ডরমিটরী ইত্যাদি ব্যবহার সংক্রান্ত খসড়া নীতিমালা করতে হবে। এছাড়া, অডিটরিয়াম ভাড়াকালীন বিদ্যুৎ, পানি এবং অন্যান্য খরচসহ ভ্যাট ও ট্যাক্সের বিষয়টি পুনরায় যাচাই-বাছাই করে পৃথক নীতিমালা প্রস্তুত করতে হবে।"<br><br>০৩/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত মোতাবেক কমিটি তথ্য কমিশন বাংলাদেশ এর পার্শ্ববর্তী দপ্তর সংস্থার (এন আই এল জি) অডিটরিয়াম ও ডরমিটরী ব্যবহার সংক্রান্ত নীতিমালা পর্যালোচনা করে এবং অডিটরিয়াম ভাড়াকালীন বিদ্যুৎ, পানি এবং অন্যান্য খরচসহ ভ্যাট ও ট্যাক্সের বিষয়টি পুনরায় যাচাই-বাছাই করে অডিটরিয়াম এবং ডরমেটরি ভাড়া দেয়ার লক্ষ্যে পৃথক খসড়া নীতিমালা প্রস্তুত করে যা সভায় পর্যালোচনা করা হয়। অতঃপর নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে কমিশন একমত পোষণ করে :<br><br>ক) তথ্য কমিশন বাংলাদেশ এর অডিটরিয়াম ভাড়ার ক্ষেত্রে সরকারি স্বায়ত্তশাসিত এবং সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানের জন্য জামানত প্রদানের আবশ্যকতা নেই।<br><br>খ) কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে তথ্য কমিশন বাংলাদেশের ফ্যাকাল্টি মেম্বার/কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ডরমেটরি এর (এসি কক্ষ) দৈনিক ভাড়া ৩০০/- টাকা। এছাড়া নিয়মিত প্রশিক্ষনার্থীদের জন্য ডরমেটরি এর (এসি কক্ষ) দৈনিক ভাড়া ৩০০/- টাকায় বরাদ্দ দেয়া যাবে। | ক) কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে তথ্য কমিশন বাংলাদেশ এর অডিটরিয়াম এর দৈনিক ভাড়া নিম্নরূপ হারে নির্ধারণ করা হলো :<br><br>**সরকারি/স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানের জন্য-**<br>মূল ভাড়া : ১৫,০০০/-<br>রক্ষণাবেক্ষণ চার্জ : ৫,০০০/-<br>(বিদ্যুৎ, পানি, জেনারেটর, এসি এবং লিফট চার্জসহ)<br>ক্লিনিং চার্জ : ১,০০০/-<br>ভ্যাট ১৫%: ২,২৫০/-<br>(সরকার কর্তৃক নির্ধারিত)<br><br>**বেসরকারি প্রতিষ্ঠানের জন্য-**<br>মূল ভাড়া : ২৫,০০০/-<br>রক্ষণাবেক্ষণ চার্জ : ৫,০০০/-<br>(বিদ্যুৎ, পানি, জেনারেটর, এসি এবং লিফট চার্জসহ)<br>ক্লিনিং চার্জ : ১,০০০/-<br>ভ্যাট ১৫%: ৩,৭৫০/- (সরকার কর্তৃক নির্ধারিত)<br>জামানত (ফেরতযোগ্য): ৫,০০০/-<br><br>খ) কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে তথ্য কমিশন বাংলাদেশের ডরমেটরী এর দৈনিক ভাড়া নিম্নরূপ হারে নির্ধারণ করা হলো:<br><br>**ডরমিটরীর এসি স্যুট এর দৈনিক ভাড়া (সকল চার্জসহ):**<br>প্রশিক্ষণার্থী : বরাদ্দযোগ্য নয়<br>অতিথি (সরকারী কর্মকর্তা) : ২,০০০/-<br>অতিথি (বেসরকারী কর্মকর্তা/ বিদেশী): ৪,০০০/-<br>তথ্য কমিশন বাংলাদেশের ফ্যাকাল্টি মেম্বার/কর্মকর্তা ও কর্মচারী: ৫০০/-<br><br>**ডরমিটরীর এসি কক্ষের সীট প্রতি দৈনিক ভাড়া (সকল চার্জসহ):**<br>প্রশিক্ষণার্থী: ৩০০/-<br>অতিথি (সরকারী কর্মকর্তা) : ৫০০/-<br>অতিথি (বেসরকারী কর্মকর্তা/ বিদেশী): ২,০০০/-<br>তথ্য কমিশন বাংলাদেশের ফ্যাকাল্টি মেম্বার/কর্মকর্তা ও কর্মচারী: ৩০০/- | নীতিমালা প্রস্তুত করার জন্য গঠিত কমিটি |



CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | তথ্য কমিশন বাংলাদেশ কর্তৃক তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে ২০২৩-২৪ অর্থবছরের জন্য বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কর্মসূচি ও জনঅবহিতকরণ সভার কর্মপরিকল্পনা অনুমোদন | তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে ২০২৩-২৪ অর্থবছরে তথ্য কমিশন বাংলাদেশ এর প্রশিক্ষণ ব্যয় উপখাতে মোট ১,০০,০০,০০০/-(এক কোটি) টাকা বাজেট বরাদ্দ রয়েছে। তথ্য কমিশন বাংলাদেশ কর্তৃক তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে ২০২৩-২৪ অর্থবছরের জন্য বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কর্মসূচি ও জনঅবহিতকরণ সভার কর্মপরিকল্পনা অনুমোদনের বিষয়ে ১৩/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :<br><br>"নিম্ন বর্ণিত বিষয়সমূহ বিবেচনয় রেখে পুনরায় যাচাই-বাছাই করে নতুন ভাবে কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে:<br>০১) জেলার ক্ষেত্রে কয়েকটি উপজেলা সমন্বয়ে ক্লাস্টার ভিত্তিক সর্বোচ্চ সংখ্যক উপস্থিতিতে প্রশিক্ষণের ব্যবস্থা রাখতে হবে।<br>০২) এমপিও ভুক্ত সকল স্কুল কলেজসহ বিভিন্ন কর্তৃপক্ষকে প্রশিক্ষণে উপস্থিতির বিষয়টি রাখতে হবে।<br>০৩) প্রশিক্ষণ কর্মসূচিতে নলেজ শেয়ারিং এর বিষয়টি রাখতে হবে।"<br><br>১৩/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত মোতাবেক প্রশিক্ষণ খসড়া কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয় যা সভায় পর্যালোচনান্তে নিম্নরূপ কার্যক্রম বাস্তবায়নের জন্য কমিশন একমত পোষণ করে:<br><br>ক) তথ্য কমিশন বাংলাদেশ কর্তৃক আয়োজিত এ যাবত পর্যন্ত প্রশিক্ষণ গ্রহণকারীদের তালিকা বা ডাটাবেজ ১৫ কর্মদিবসের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে। প্রশিক্ষণ প্রদানের সাথে প্রশিক্ষণ গ্রহণার্থীদের তালিকা আপলোড করার জন্য সহকারি প্রোগ্রামারকে তথ্য প্রদান করতে হবে।<br><br>খ) সারাদেশের সকল প্রশিক্ষণ কেন্দ্রের সিলেবাসে তথ্য অধিকার আইন, ২০০৯ অন্তর্ভুক্তির জন্য পত্র প্রেরণ করতে হবে।<br><br>গ) তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে নবম ও দশম গ্রেডের সকল কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সকল মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br><br>ঘ) চলতি ২০২৩-২৪ অর্থবছরের প্রশিক্ষণ কর্মপরিকল্পনা বিগত অর্থবছরগুলোর ন্যায় প্রস্তুত করার জন্য কমিশন একমত পোষণ করে। | তথ্য কমিশন বাংলাদেশ কর্তৃক তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে ২০২৩-২৪ অর্থবছরের জন্য বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কর্মসূচি ও জনঅবহিতকরণ সভার কর্মপরিকল্পনা অনুমোদনের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :<br><br>ক) তথ্য কমিশন বাংলাদেশ কর্তৃক আয়োজিত এ যাবত কাল পর্যন্ত প্রশিক্ষণ গ্রহণকারীদের তালিকা বা ডাটাবেজ ১৫ কর্মদিবসের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে। প্রশিক্ষণ প্রদানের সাথে প্রশিক্ষণ গ্রহণার্থীদের তালিকা আপলোড করার জন্য সহকারি প্রোগ্রামারকে তথ্য প্রদান করতে হবে।<br><br>খ) সারাদেশের সকল প্রশিক্ষণ কেন্দ্রের সিলেবাসে তথ্য অধিকার আইন, ২০০৯ অন্তর্ভুক্তির জন্য পত্র প্রেরণ করতে হবে।<br><br>গ) তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে নবম ও দশম গ্রেডের সকল কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সকল মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br><br>ঘ) চলতি ২০২৩-২৪ অর্থবছরের প্রশিক্ষণ কর্মপরিকল্পনা বিগত অর্থবছরগুলোর ন্যায় প্রস্তুত করে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (গ. প্র. প্র)<br><br>উপপরিচালক (গ. প্র. প্র)<br><br>সহ.পরিচালক (প্রশিক্ষণ)<br><br>সহ.পরিচালক (হি. বা.)<br><br>সহকারি প্রোগ্রামার |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | **তথ্য কমিশন বাংলাদেশ এর আর্থিক ক্ষমতা অর্পণ সংশোধন** | ০৪ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত মোতাবেক তথ্য কমিশন বাংলাদেশ এর আর্থিক ক্ষমতা সংক্রান্ত অফিস আদেশ জারী হয় । সেমতে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। তথ্য কমিশন বাংলাদেশ এর আর্থিক ক্ষমতা সংশোধন/সংযোজন বিষয়ে সভায় পর্যালোচনা করা হয়। দাপ্তরিক কাজে গতিশীলতা বৃদ্ধির জন্য আর্থিক ক্ষমতা সংক্রান্ত অফিস আদেশে নিম্নরূপ সংযোজনী আনা যেতে পারে মর্মে কমিশন একমত পোষণ করে :<br><br>তথ্য কমিশন বাংলাদেশ এর দাপ্তরিক যানবাহনের জ্বালানি বিল, যানবাহন মেরামত বিল ও আউটসোর্সিং পদ্ধতিতে সেবা ক্রয়ের বিল এর প্রশাসনিক ও আর্থিক মঞ্জুরি/ অনুমোদন তথ্য কমিশন বাংলাদেশ এর সচিব এর পূর্ণ ক্ষমতা। | গত ০৪ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত মোতাবেক তথ্য কমিশন বাংলাদেশ এর আর্থিক ক্ষমতা সংক্রান্ত অফিস আদেশ জারী হয়। দাপ্তরিক কাজে গতিশীলতা বৃদ্ধির জন্য তথ্য কমিশন বাংলাদেশ এর আর্থিক ক্ষমতা সংক্রান্ত অফিস আদেশে নিম্নরূপ সংযোজন করে নতুন প্রশাসনিক ও আর্থিক মঞ্জুরি/ অনুমোদনপত্র হবে মর্মে কমিশনে সিদ্ধান্ত গৃহীত হয় :<br><br>তথ্য কমিশন বাংলাদেশ এর দাপ্তরিক যানবাহনের জ্বালানি বিল, যানবাহন মেরামত বিল ও আউটসোর্সিং পদ্ধতিতে সেবা ক্রয়ের বিল এর প্রশাসনিক ও আর্থিক মঞ্জুরি/ অনুমোদন তথ্য কমিশন বাংলাদেশ এর সচিব এর পূর্ণ ক্ষমতা। | পরিচালক (প্রশাসন)<br><br>উপপরিচালক (প্রশাসন) |

০২। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
**(ডক্টর আবদুল মালেক)**
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৯.১৮.

তারিখ: ০৬ /০২/২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
২) পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
৩) প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
৪) একান্ত সচিব, তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫) সহকারী পরিচালক(সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
৫) গবেষণা কর্মকর্তা/ জনসংযোগ কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার তথ্য কমিশন বাংলাদেশ।
৬) তথ্য কমিশনারের ব্যক্তিগত সহকারী, তথ্য কমিশন বাংলাদেশ।
৭) অফিস কপি।

০৬/০২/২০২৪
**(হেলাল আহমেদ)**
সহকারী পরিচালক (প্রশাসন)
তথ্য কমিশন বাংলাদেশ



CamScanner